



হামের উচ্চ ঝুঁকিতে বাংলাদেশ বিশ্ব স্বাস্থ্য সংস্থার সতর্কবার্তা



ছবি: সংগৃহীত

বিশ্ব স্বাস্থ্য সংস্থা সতর্ক করেছে, বাংলাদেশে বর্তমানে হাম সংক্রমণের ঝুঁকি খুবই বেশি এবং দ্রুত নিয়ন্ত্রণ না করলে পরিস্থিতি গুরুতর হতে পারে। পাঁচ বছরের কম বয়সি শিশু, অপুষ্টিতে ভোগা ও দুর্বল রোগ প্রতিরোধক্ষমতাসম্পন্ন শিশুরা সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে। দেশে একসময় টিকাদানে ভালো অগ্রগতি থাকলেও সাম্প্রতিক সময়ে টিকার ঘাটতি, নিয়মিত কর্মসূচিতে ফাঁক এবং সম্পূর্ণ টিকাদান কমে যাওয়ায় সুরক্ষা দুর্বল হয়েছে। ফলে টিকা না পাওয়া ও আংশিক টিকা পাওয়া শিশুর সংখ্যা বেড়ে সংক্রমণ আবার ছড়িয়ে পড়ছে।

আঞ্চলিকভাবে দক্ষিণ-পূর্ব এশিয়ায় হাম এখনো সক্রিয় থাকায় সীমান্ত ও বড় শহরগুলোর মাধ্যমে সংক্রমণ প্রবেশের ঝুঁকি তৈরি হয়েছে। এ কারণে সংক্রমণ নিয়ন্ত্রণে টিকাদান কভারেজ অন্তত ৯৫ শতাংশে রাখা, নজরদারি জোরদার করা এবং দ্রুত রোগ শনাক্ত ও চিকিৎসা নিশ্চিত করার পরামর্শ দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। বিশেষজ্ঞরা বলছেন, সীমান্তবর্তী চলাচল ও নগর এলাকায় জনঘনত্ব বেশি থাকায় সংক্রমণ দ্রুত ছড়িয়ে পড়তে পারে, তাই স্থানীয় পর্যায়ে প্রস্তুতি ও সমন্বিত প্রতিরোধ ব্যবস্থা জরুরি। এদিকে ২০ এপ্রিল থেকে দেশব্যাপী এমআর টিকাদান কর্মসূচি চলছে, যেখানে ৬ থেকে ৫৯ মাস বয়সি শিশুরা অন্তর্ভুক্ত। পাশাপাশি আক্রান্তদের ভিটামিন এ ও চিকিৎসা সহায়তা দেওয়া হচ্ছে।